

ফাতওয়া নাম্বার: ১৮২

প্রকাশকালঃ ২৬-০৭-২০২১ ইং

ঘর করার জন্য জমানো টাকার ওপর কি যাকাত আসবে?

প্রশ্ন:

ঘর করার জন্য আব্বা কিছু টাকা জমিয়েছেন। এখন সেই টাকা নেসাব পরিমাণ হলে কি যাকাত দিতে হবে?

বিনীত

আবদুল্লাহ

উত্তর:

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

الحمد لله وحده والصلاة والسلام على من لا نبي بعده أما بعد

হ্যাঁ, আপনার আব্বা ঘর করার জন্য যে অর্থ জমা করেছেন; যাকাতবর্ষ পূর্ণ হওয়া পর্যন্ত যদি তা খরচ না হয়ে থাকে, তাহলে উক্ত টাকার যাকাত আদায় করতে হবে। আগে থেকে নেসাবের মালিক হয়ে থাকলে, আগের সম্পদের সঙ্গে যাকাত আদায় করবেন। আগে থেকে নেসাবের মালিক না হলে, উক্ত জমানো টাকা যেদিন নেসাব পরিমাণ হয়েছে, সেদিন থেকে চন্দ্রবর্ষ হিসেবে এক বছর পূর্ণ হলে যাকাত দিবেন। কারণ উক্ত টাকাটা যদিও ভবিষ্যত প্রয়োজনে খরচ হবে, কিন্তু বিগত বছরে খরচ হয়নি বিধায় তা প্রয়োজনের অতিরিক্ত গণ্য হবে এবং বিগত বছরের যাকাত দিতে হবে।

তবে আপনার বাবা যদি যাকাতবর্ষ পূর্ণ হওয়ার আগেই বাড়ির নির্মাণ সামগ্রী কিনে উক্ত টাকা খরচ করে ফেলেন, তাহলে তার যাকাত দিতে হবে না।

-বাদায়েউস সানায়ে': ২/১১, আলবাহরুর রায়েক: ২/২২২,
আননাহরুল ফায়েক: ১/৪১৫, আদদুররুল মুখতার: ১২৭, রদুল
মুহতার: ২/২৬২, ইমদাদুল ফাতাওয়া: ২/২৯

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনছ)

০৭-১২-১৪৪২ হি.

১৮-০৭-২০২১ ইং

